স্তরের উপাসক সর্ব্বসদ্‌গুণপূর্ণ হইয়াও যদি শ্রীবিষ্ণুতে পরমারাধ্যবুদ্ধি এবং পরম আদরবুদ্ধি না করে, তাহা হইলে অসুর সংজ্ঞায় পরিগণিত হইয়া থাকে। ইহা দ্বারা শ্রীবিষ্ণুর পরম উপাস্যত্ব এবং শ্রীবিষ্ণুভক্তির সর্ব্বসাধন-শ্রেষ্ঠত্ব প্রদর্শিত হইয়াছেন। সেই প্রকার শ্রীমদ্ভাগবতের অন্যত্র অহংগ্রহ-উপাসনাও তিরস্কৃত হইয়াছে। অর্থাৎ "আমি সেই পরমেশ্বর"—এইভাবে জীব ও ঈশ্বরের অভেদ অভিযানে উপাসনাতেও শ্রীমদ্ভাগবত ধিক্কার করেন। যেমন কাশীরাজ পৌণ্ড্রক যখন "আমি বাসুদেব, তুমি বৃথা বাসুদেব বলিয়া অভিমান কর"—এইরূপ সংবাদ দূত দ্বারা শ্রীকৃষ্ণকে জানাইয়াছিল, তখন যাদবগণ সেই দূতের বাক্য শ্রবণ করিয়া বহুল উপহাস করিয়াছিলেন। এস্থানেও 'অহংগ্রহ' উপাসনায় যাহারা আগ্রহান্বিত, তাহাদিগকে বিশুদ্ধ-ভক্তিনিষ্ঠ ভক্তগণ উপহাস করিয়া থাকেন। উপহাস করিবার হেতুও এই যে, সেই অহংগ্রহ-উপাসনার ফলরূপ মুক্তিকে বিশুদ্ধভক্তগণ হেয়রূপ নির্দ্দেশ করিয়া থাকেন। শ্রীমদ্ভাগবতে শ্রীবিষ্ণু-দুর্ব্বাসা সংবাদে সালোক্য, সার্ষ্টি, সারূপ্য, সমীপ্য ও একত্র-লক্ষণ পঞ্চবিধা মুক্তি-ই যে বিশুদ্ধভক্তগণ আদর করেন না, তাহা সুস্পষ্টরূপেই উল্লেখ করা আছে। শ্রীহনুমান্‌জীও বলিয়াছেন—"কো মূঢ়ো দাসতাং প্রাপ্য প্রাভবং পদমিচ্ছতি"। অর্থাৎ কোন্ মূঢ়জন দাসত্ব লাভ করিয়া প্রভুত্ব অর্থাৎ ব্রহ্মত্ব পদের জন্য ইচ্ছা করে? এই সমুদয় অভিপ্রায়ই নিষ্কিঞ্চন ভক্তিভাবে নিষ্কামভক্তের প্রশংসা দ্বারা সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া উপদেশ করিয়াছেন। "ন কিঞ্চিৎ সাধবো ধীরাঃ ভক্তা হ্যেকান্তিনো মম। বাঞ্ছন্ত্যাপি ময়া দত্তং কৈবল্যমপুনর্ভবম্॥ ১৭৬॥

ধীরা ধীমন্তঃ। যতো মমৈকান্তিনো ময্যেব প্রীতিযুক্তাঃ। অতো ময়া দত্তমপি ন গৃহ্ণন্তি কিং পুনর্বক্তব্যং ন বাঞ্ছন্তীত্যর্থঃ। অপুনর্ভবমাত্যন্তিকমপি কৈবল্যমিত্যেষা। ঈদৃশানামেকান্তিনামেব পরমমহিমা গারুড়ে—ব্রাহ্মণানাং সহস্রেভ্যঃ সত্রযাজী বিশিষ্যতে সত্রাযাজিসহস্রেভ্যঃ সর্ব্ববেদান্তপারগঃ। সর্ব্ববেদান্তবিৎকোট্যা বিষ্ণুভক্তো বিশিষ্যতে। বৈষ্ণবানাং সহস্রেভ্যঃ একান্ত্যেকো বিশিষ্যত ইতি। যস্মাদেবং সর্ব্বানন্দাতিক্রমলিঙ্গেন পরমানন্দস্বরূপাসৌ ভক্তিস্তস্মাৎ তত্র স্বভাবত এব প্রবৃত্তি-র্গুণস্তথাভূতামপি তন্মাধুরীং স্বদোষেণানুভবিতুমসমর্থানাং তু কেবলবিধিনিষেধসত্তব-গুণদোষদৃষ্ট্যৈব প্রবৃত্তিরপি পূর্ব্বাপেক্ষয়া দোষ এব। যথোক্তমেতৎপূর্ব্বাধ্যায়ে শমো মন্নিষ্ঠতাবুদ্ধেরিত্যাদৌ সাক্ষাদ্ভক্তেরপি বিধানাবিধানয়োর্গুণদোষতাং কিং বর্ণিতেন বহুনেত্যন্তেন গ্রন্থেন প্রতিপাদ্য গুণদোষদৃশির্দোষো গুণস্তুভয়বর্জ্জিত ইতি লব্ধ-তন্মাধুর্য্যানুভবানাং তদ্বিধিনিষেধকৃতগুণদোষৌ ন স্ত এবেত্যাহ—ন ময্যেকান্তভক্তানাং গুণদোষোদ্ভবা গুণা ইতি॥ ১৭৭॥